**মঙ্গোলিয়ায় রাজীব গান্ধি শিল্পকলা ও উৎপাদন বিদ্যালয়ের প্রথম পর্যায়ের আধুনিকীকরণ সমাপ্ত**

১৭ ফেব্রুয়ারি ২০১৪ মঙ্গোলিয়ার উল্লানবাটারে নির্মিয়মাণ রাজীব গান্ধি শিল্পকলা ও উৎপাদন বিদ্যালয়ের(আরজিএপিএস) প্রথম পর্যায়ের উন্নয়ন ও আধুনিকীকরণের কাজ ৪.৭ কোটি রূপী ব্যয়ে সম্পন্ন হয়েছে।

উল্লানবাটারে আয়োজিত অনুষ্ঠানে মঙ্গোলিয়ার শ্রমমন্ত্রী সম্মানীয় মিঃ ইয়া সাঞ্জমায়াটায় এবং ভারতের  ভারী শিল্প মন্ত্রকের সচিব শ্রী সুতনু বেহুরিয়ার উপস্থিতিতে প্রকল্পটির প্রথম পর্যায় আনুষ্ঠানিকভাবে মঙ্গোলিয়া কতৃপক্ষর হাতে তুলে দেওয়া হয়। ২০১৩ সালের অকটোবর মাসে ভারত ও মঙ্গোলিয়া সরকারের মধ্যে স্বাক্ষরিত অনুদান প্রদান চুকতি অনুযায়ী পররাষ্ট্রমন্ত্রক ব্যয় নির্বাহ করে।

রাজীব গান্ধি শিল্পকলা ও উৎপাদন বিদ্যালয় ভারত ও মঙ্গোলিয়া সহযোগিতার এক উজ্জ্বল নিদর্শন। ১৯৯২ সালে স্বাক্ষরিত আর্থিক ও প্রযুকতি সহযোগিতা চুকতির অর্ন্তগত বিষয় অনুযায়ী মঙ্গোলিয়ার বিদ্যার্থীদের বিভিন্ন বৃত্তিগত প্রশিক্ষণ দেওয়ার উদ্দেশ্যেই  এই কেন্দ্রটি প্রতিষ্ঠিত হয়।১৯৯৬ সালে আনুষ্ঠানিকভাবে প্রতিষ্টানটির উদ্বোধন করা হয়।

আরজিএপিএসের দ্বিতীয় পর্যায়ের আধুনিকীকরণের কাজ শীঘ্রই শুরূ হবে।

**নয়াদিল্লি**

**২০ ফেব্রুয়ারি, ২০১৪**